# জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা - ২০০৯

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুলাই, ২০০৯

| ক্রমিক নং | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | প্রত্যাশিত ফলাফল | স্বল্প মেয়াদী | মধ্য মেয়াদী | দীর্ঘ মেয়াদী |
|---|---|---|---|---|---|---|
| *৯৫ | ই-গভর্নেন্স ফোকাল পয়েন্টের কর্ম পরিধি এবং বাজেট যথাযথভাবে পুনর্বিন্যাস করে প্রাতিষ্ঠানিক কার্যক্রম গ্রহণ, উৎসাহিত করার জন্য আনুতোষিক এবং আইসিটি ব্যবহারের মাধ্যমে সেবা প্রদানের জন্য নেতৃত্ব উন্নয়ন করা। | PMO, Cabinet Division, MoEst, MoSICT, BCC | ই-গভর্নেন্স ও আইসিটি ভিত্তিক সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় উচ্চ পর্যায়ের নেতৃত্ব গড়ে উঠবে। | ই-গভর্নেন্সের কেন্দ্র বিন্দু হিসেবে মন্ত্রণালয়/ বিভাগ-এ সচিব এবং অধিদপ্তর/ কর্পোরেশনে সংস্থা প্রধান নিয়োগ করা হবে। সচিবগণ আইসিটি নীতিমালা বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে আইসিটি টাস্কফোর্সকে জানাবেন। ফোকাল পয়েন্ট স্ব-স্ব সচিব বরাবর প্রতিবেদন পেশ করবেন। | আইসিটিতে গুরুত্ব দিয়ে সরকারের সংস্থা কাঠামোতে পরিবর্তন এনে নেতৃত্ব কাঠামো প্রচলন করা হবে। | |
| *৯৬ | সরকারি পর্যায়ের সকল প্রতিষ্ঠানে আইসিটি পেশাজীবী দ্বারা সজ্জিত আইসিটি সেল স্থাপন। এ সেলের জন্য আইসিটি সংশ্লিষ্ট পদ সৃজন করা। সরকারি পর্যায়ের সকল আইসিটি সংশ্লিষ্ট পদকে কারিগরি পদ হিসেবে চিহ্নিতকরণ। | All government organisations, MoEst, MoSICT | ই-গভর্নেন্স প্রকল্পের স্থায়ীত্ব নিশ্চিত করবে। সরকারী পর্যায়ে কর্মসংস্থান এর ব্যবস্থা হবে। | সকল মন্ত্রণালয়, বিভাগ এবং পরিদপ্তর। | জেলা এবং উপজেলা পর্যায়ের সরকারী সংস্থাসমূহ। | |
| *৯৭ | বেসরকারী পর্যায়ের সমতুল্য বিশেষ বেতন ও সুযোগ সুবিধা সহাকরে সরকারি পর্যায়ে সকল প্রতিষ্ঠানে পদ সৃজনের ক্ষেত্রে পদোন্নতিযোগ্য কম্পিউটার জনকাঠামো তৈরীকরণ (ক্ষেত্র বিশেষে পদসহ পদোন্নতির সুবিধা প্রদান)। | MoFin, MoEst, MoSICT | সরকারী খাতের আইসিটি পেশাজীবীরা উৎসাহিত হবে। সরকারের আইসিটি সক্ষমতা বৃদ্ধি পাবে। | | সরকারী পর্যায়ে আইসিটি পেশাজীবীদের বদলি, পদোন্নতি এবং পেশা ব্যবস্থাপনা সহজতর করার জন্য বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়-এর সক্ষমতা উন্নয়ন। | |